

# প্রাইভেট-পাবলিক নয় বিশ্ববিদ্যালয়ের মান হলো মূল বিষয়: ইউজিসি চেয়ারম্যান

অনলাইন ডেস্ক

২৩ মার্চ ২০২৫, ১২:৪৬ পিএম



বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান অধ্যাপক এস.এম.এ. ফায়েজ বলেছেন, ‘প্রাইভেট ও পাবলিক বিশ্ববিদ্যালয় বড় বিষয় নয়, মূল বিষয় হলো শিক্ষার মান, সেটাই আমাদের দেখার বিষয়। আমরা সেই মান নিশ্চিত করার অভিন্ন লক্ষ্য নিয়ে একসঙ্গে কাজ করব।’ গতকাল শনিবার বিকেলে বেসরকারি বিশ্ববিদ্যালয় সমিতি (এপিইউবি) আয়োজিত এক মতবিনিময় সভা ও ইফতার মাহফিলে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

তিনি বলেন, 'বেসরকারি বিশ্ববিদ্যালয়ের জন্য নির্দিষ্ট নীতিমালার ভিত্তিতে পিএইচডি কোর্স পরিচালনার লক্ষ্যে গঠিত কমিটি কাজ করছে, যা অত্যন্ত ইতিবাচক একটি উদ্যোগ।

উচ্চশিক্ষা ও গবেষণার মানোন্নয়নে এ পদক্ষেপ গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। আমরা আশা করি, দ্রুততম সময়ে কার্যকর নীতিমালা প্রণয়ন ও অনুমোদনের মাধ্যমে দেশের বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলো গবেষণার নতুন দিগন্ত উন্মোচন করতে সক্ষম হবে। উচ্চশিক্ষার ক্ষেত্রে আমরা অনেক পিছিয়ে আছি, তাই আমাদের আরো অনেক কাজ করতে হবে।'

দেশের বিভিন্ন বেসরকারি বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান ও সদস্যদের নিয়ে আয়োজিত মতবিনিময় সভায় বেসরকারি বিশ্ববিদ্যালয় সমিতির সভাপতি এবং ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান ড. মো. সবুর খান বলেন, 'বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর টেকসই উন্নয়ন ও গবেষণার অগ্রগতির জন্য করমুক্ত নীতির বাস্তবায়ন অত্যন্ত গুরুত্বপূর্ণ।

আমরা সরকারের প্রতি আহ্বান জানাই, বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর ওপর আরোপিত কর পুনর্বিবেচনা করে তা গবেষণা ও উন্নয়নের জন্য পুনর্বিবেচনা করা হোক। এই বিনিয়োগের মাধ্যমে আমাদের বিশ্ববিদ্যালয়গুলো উদ্ভাবনী গবেষণা, উন্নত শিক্ষার পরিবেশ, এবং দক্ষ জনশক্তি তৈরিতে আরো কার্যকর ভূমিকা রাখতে পারবে, যা দেশের সামগ্রিক উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রাখবে।'

অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সদস্য অধ্যাপক মো. আনোয়ার হোসেন এবং বেসরকারি বিশ্ববিদ্যালয় সমিতির সেক্রেটারি জেনারেল ইশতিয়াক আবেদীন।

এসময় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, বেসরকারি বিশ্ববিদ্যালয় সমিতির ট্রেজারার কেবিএম মঈন উদ্দিন চিশতি, ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাতা ড. ফরাসউদ্দিন আহমেদ, ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের চেয়ারপার্সন তামারা আবেদ, আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির চেয়ারপার্সন নাদিয়া আনোয়ার, ইন্ডিপেনডেন্ট ইউনিভার্সিটির ট্রাস্টি সদস্য রাশেদ চৌধুরী, আহসানউল্লাহ ইউনিভার্সিটির চেয়ারম্যান গোলাম রহমানসহ দেশের বিভিন্ন বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শতাধিক প্রতিনিধি এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের কর্মকর্তারা।